

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
পরিকল্পনা-৫ শাখা  
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০০০.১২৪.১৪.০০২৭.১৮.১৬

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
২৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়-৪৫, পুরানা পল্টন, ঢাকা,  
।

বিষয়: “জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয়  
বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিকরণ।

সূত্র: পরিকল্পনা কমিশনের স্মারক নং-২০.০২.০০০০.০১৬.১৪.০৪৬.১৭ (অংশ-১).২৯; তারিখ: ৩০/১২/২০২৫ খ্রি.

আমি নিম্নস্বাক্ষরকারী, পরিকল্পনা কমিশনের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ৮৪০৫৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন “জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্পটির মেয়াদ ১ বছর অর্থাৎ জানুয়ারি ২০১৮ থেকে ডিসেম্বর ২০২৫ এর পরিবর্তে ‘জানুয়ারি ২০১৮ থেকে ডিসেম্বর ২০২৬’ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছিঃ

- (ক) আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে ইতোমধ্যে টাইম ওভার রান ও কস্ট ওভার রান হয়েছে যথাক্রমে ৮৩.৩৩% ও ৭১.০৮%। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নে টাইম ওভার রান ও কস্ট ওভার রান পরিহারের লক্ষ্যে প্রাক্কলিত ব্যয়ের মধ্যে যথাসময়ে প্রকল্প সমাপ্তকরণের জন্য সচেষ্ট থাকতে হবে;
- (খ) প্রস্তাবিত (ডিসেম্বর ২০২৬) মেয়াদকালের প্রকল্পের আওতায় সকল কাজের শতভাগ বাস্তব অগ্রগতি অর্জনের লক্ষ্যে চ্যালেঞ্জসমূহ মোকাবেলার জন্য মনিটরিং আরো জোরদার করতে হবে এবং সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে;
- (গ) শিক্ষা অডিট অধিদপ্তর হতে প্রকল্পের ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১, ২০২১-২২, ২০২২-২৩ অর্থবছরের অডিট সম্পাদিত হয়েছে যেখানে ৮টি আপত্তি উত্থাপিত হয়। পরবর্তীতে সবগুলোর ব্রডসিটে জবাব প্রদান করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। তবে কোনটিই এখন পর্যন্ত নিষ্পত্তি হয়নি। এ সকল অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিটদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। এ সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রকল্প পরিচালক আইএমইডিতে প্রেরণ করবেন;
- (ঘ) প্রকল্পের তথ্য e-PMIS Software এ নিয়মিত এন্ট্রি অব্যাহত রাখতে হবে;
- (ঙ) পরিপত্র অনুযায়ী প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে PCR আইএমইডি’তে প্রেরণ করতে হবে;
- (চ) পরিপত্রের নির্দেশনা এবং ডিপিপি’র সংস্থান অনুযায়ী আলোচ্য প্রকল্পের ৩২টি করে পিআইসি ও পিএসসি কমিটির সভা আয়োজনের কথা থাকলেও প্রকৃত অর্জন হয়েছে পিআইসি কমিটির ১০টি ও পিএসসি কমিটির ০৮টি সভা। এখন থেকে প্রকল্পের পিআইসি ও পিএসসি কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে; এবং
- (ছ) আগামী ৩০ কার্যদিবসের মধ্যে সুপারিশসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

২৭-০১-২০২৬

এস. এম. ইমরুল হাসান  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
- ৩। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
- ৪। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
- ৫। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
- ৬। সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ।
- ৭। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
- ৮। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন {উল্লিখিত শর্তানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণের বি  
নীত অনুরোধসহ}।
- ৯। উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, ত্রিশাল {উল্লিখিত শর্তানুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণে  
র বিনীত অনুরোধসহ},  
।
- ১০। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ১১। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ১২। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ১৩। উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ১৪। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ১৫। উপসচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ১৬। প্রকল্প পরিচালক, “জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শী  
র্ষক প্রকল্প, ময়মনসিংহ, ত্রিশাল,  
।
- ১৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৮। গবেষণা কর্মকর্তা, গবেষণা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।



*[Signature]*

২৭-০১-২০২৬  
এস. এম. ইমরুল হাসান  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)